# মুসলিম দেশগুলোকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান ইরানের স্পিকারের



ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

ইরানের পার্লামেন্টের স্পিকার ও দেশটির প্রধান আলোচক মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, চলমান সংকট বা বিরোধের সমাপ্তি কখনোই ইরানের আত্মসমর্পণের মাধ্যমে হবে না। তিনি সতর্ক করে বলেন, যুক্তরাষ্ট্র যদি বিদ্যমান সমঝোতা থেকে সরে দাঁড়ায়, তাহলে তেহরান নিজেদের নিরাপত্তা ও স্বার্থ রক্ষায় সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করবে।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে গালিবাফের এই বক্তব্য তুলে ধরা হয়েছে।

তিনি বলেন, যেকোনো পরিস্থিতিতে ইরানের সার্বভৌমত্ব ও জনগণের অধিকার রক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হবে। যুক্তরাষ্ট্র সমঝোতা স্মারক লঙ্ঘন করলে বা প্রতিশ্রুতি থেকে সরে গেলে তার জবাব দিতে ইরান প্রস্তুত রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

গালিবাফ বলেন, আন্তর্জাতিক সম্প্রদায় যুদ্ধ ও সংঘাতের অবসান চাইলেও ইরানকে চাপ প্রয়োগ করে নতিস্বীকার করানো সম্ভব নয়। তার মতে, বর্তমান উত্তেজনার পরিণতিও ইরানের আত্মসমর্পণের মধ্য দিয়ে নির্ধারিত হবে না।

এ সময় মুসলিম দেশগুলোর প্রতি ঐক্যবদ্ধ অবস্থান গ্রহণের আহ্বান জানান ইরানের এই শীর্ষ নেতা। তিনি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের নীতির বিরুদ্ধে সমন্বিত পদক্ষেপ নেওয়ার প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন।